অন্টারিওর অস্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের প্রোগ্রাম সম্পর্কে আপনার যা জানা দরকার

WORKERS' ACTION CENTRE

২৯ শে এপ্রিল, ২০২১ তারিখে, অন্টারিও সরকার *এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড অ্যাক্ট* সংশোধন করে যাতে নিয়োগকর্তাকে তিন দিন পর্যন্ত "বেতনসহ সংক্রামক রোগের জরুরী ছুটি"প্রদান করতে হবে। কোভিড-১৯ ওয়ার্কার ইনকাম প্রোটেকশন বেনিফিট (WIPB) একটি অস্থায়ী প্রোগ্রাম যা সরকার শ্রমিকদের অপ্রতিরোধ্য আহ্বানে অসুস্থতার কারণে বেতনসহ ছুটির দিন দেওয়ার জন্য চালু করেছে। যদিও এই প্রোগ্রামটি অনেক ক্ষেত্রে কম গুরুত্বপূর্ণ, তবুও এই নতুন আইনের অধীনে আপনি কী কী পাওয়ার অধিকারী তা বুঝতে পারা আপনার জন্য গুরুত্বপূর্ণ।

এই নতুন প্রোগ্রামের অধীনে আমি কখন থেকে বেতনসহ অসুস্থতার ছুটির দিনগুলি নেওয়া শুরু করতে পারি?

যদিও সরকার ২৯ এপ্রিল, ২০২১ তারিখে *এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড অ্যাক্ট* (ইএসএ) সংশোধন করে, শ্রমিকরা যাতে ১৯ এপ্রিল থেকে ২৮ এপ্রিল, ২০২১ এর মধ্যে অবৈতনিক অসুস্থ দিনের জন্য পাওনা মজুরি পেতে পারেন। কর্মীদের অবশ্যই ১২ মে, ২০২১ এর মধ্যে তাদের নিয়োগকর্তাকে লিখিতভাবে আবেদন করতে হবে।

নতুন প্রোগ্রামের অধীনে কোন অবস্থায় আমি বেতনসহ অসুস্থতার ছুটির দিন নেওয়ার অধিকারী?

অসুস্থতার কারণে বেতনসহ অস্থায়ী ছুটির দিনের প্রোগ্রামটি আপনার জন্য প্রযোজ্য হবে যদি আপনি:

- কোভিড-১৯ পরীক্ষার জন্য যাওয়া
- কোভিড-১৯ পরীক্ষার ফলাফলের অপেক্ষায় বাড়িতে থাকা
- কোভিড-১৯ -এ অসুস্থ হয়ে বাড়িতে থাকা
- টিকা নিতে যাওয়া
- কোভিড-১৯ টিকা নেয়ার পর পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করা
- নিয়োগকর্তা, চিকিৎসক বা অন্যান্য নির্দিষ্ট কর্তৃপক্ষ দ্বারা কোভিড-১৯ এর কারণে স্ব-বিচ্ছিন্ন থাকতে পরামর্শ দেওয়া হয়েছে
- কোভিড-১৯ সম্পর্কিত কারণগুলির জন্য নির্দিষ্ট আত্মীয়দের যত্ন বা সহায়তা করা, যখন তারা:
  - কোভিড-১৯ এর কারণে অসুস্থ অথবা কোভিড-১৯ এর উপসর্গ রয়েছে
  - একজন চিকিৎসক বা অন্যান্য নির্দিষ্ট কর্তৃপক্ষের পরামর্শে কোভিড-১৯ এর কারণে স্ব-বিচ্ছিন্ন

আপনার পরপর তিন দিন সময় একসাথে নেওয়ার দরকার নেই।

আমি অসুস্থতার জন্য ছুটি নিলে আমাকে আমার নিয়োগকর্তা কত টাকা দিতে হবে?

নিয়োগকারীদের তাদের বর্তমান মজুরির উপর নির্ভর করে প্রতিদিন সর্বোচ্চ ২০০ ডলার করে তিন দিন পর্যন্ত কর্মীদের (অথবা প্রতি ঘন্টায় ২৮.৫২ ডলার ৭ ঘন্টার শিফটের জন্য) বেতন প্রদান করতে হবে। উদাহরণস্বরূপ, আপনি যদি সাধারণত প্রতি ঘন্টায় $১৫.০০ ডলারে ৭ ঘন্টার শিফটে কাজ করেন, তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে প্রতিটি অসুস্থ দিনের জন্য $১০৫.০০ডলার প্রদান করতে হবে।

অস্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের প্রোগ্রামের জন্য কারা যোগ্য?

এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড অ্যাক্ট (ইএসএ) এর আওতায় কর্মীদের জন্য বেতনসহ তিন দিনের ছুটি নিতে পারবে। **স্বাধীন ঠিকাদার, ফেডারেল নিয়ন্ত্রিত কর্মক্ষেত্রের শ্রমিক এবং কাজের অভিজ্ঞতা প্রোগ্রামের শিক্ষার্থীরা এই দিনগুলির জন্য যোগ্যতা অর্জন করবে না।**

720 Spadina Avenue, Suite 223 Toronto ON M5S 2T9
Phone: 416-531-0778 Fax: 416-533-0107

বেতনসহ অসুস্থতার ছুটি নেওয়ার জন্য আমার কি ডাক্তারের নোট দরকার হবে?

আপনার কোনও ডাক্তারের নোটের প্রয়োজন নেই। কোনও কর্মচারীকে ডাক্তার বা নার্সের কাছ থেকে সার্টিফিকেট সংগ্রহ করে নিয়োগকর্তাকে প্রমাণ হিসাবে সরবরাহ করার প্রয়োজন হবে না।

আমি কি কানাডা রিকভারি সিকনেস বেনিফিট এবং বেতনসহ অসুস্থতার ছুটি দিন একই সময়ে পেতে পারি?

ধরুন এই প্রোগ্রামের অধীনে আপনি বেতনসহ অসুস্থতার ছুটি নিয়েছেন। সেক্ষেত্রে, আপনাকে একই সপ্তাহে কানাডা রিকভারি সিকনেস বেনিফিট (সিআরএসবি) গ্রহণ করা থেকে বিরত থাকতে হবে।

কিছু কিছু ক্ষেত্রে, সিআরএসবি পাওয়ার জন্য একটি বেতনসহ অসুস্থতার ছুটির দিন পাওয়া থেকে বিরত থাকা আরও উপকারী হতে পারে। CRSB প্রতি সপ্তাহে ট্যাক্স বাদ দিয়ে ৪৫০ ডলার প্রদান করে। কর্মীরা অস্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের প্রোগ্রামে প্রতিদিন মোট ১৫০.০১ ডলার মজুরি অর্থ (বা প্রতি ঘন্টায় ২১.৪৩ ডলার করে ৭ ঘন্টার শিফটের জন্য) উপার্জন করে থাকেন যা সিআরএসবি-র অর্থের চেয়ে বেশি।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে সিআরএসবি যৌক্তিক নয়, যার অর্থ আপনি সুবিধা পাওয়ার আগে কয়েক সপ্তাহ অপেক্ষা করতে হবে। কোন প্রোগ্রামটি আপনার প্রয়োজনগুলি সর্বোত্তমভাবে পূরণ করবে তা আপনাকে নির্ধারণ করতে হবে।

আমি কীভাবে পেইড সিক ডে প্রোগ্রাম থেকে বিরত থাকতে পারি?

আপনি বেতনপ্রাপ্ত অসুস্থ দিনগুলি গ্রহণের সময়কাল শেষ হওয়ার আগে আপনার নিয়োগকর্তাকে লিখিত পরামর্শ দিয়ে আপনি প্রদত্ত অসুস্থ দিনগুলির প্রোগ্রামটি বেছে নিতে পারেন।

আমার যদি তিন দিনের বেশি ছুটির প্রয়োজন হয় তবে আমার কী করা উচিত?

আপনার কানাডা রিকভারি সিকনেস বেনিফিটের (CRSB) জন্য আবেদন করা উচিত, যা চাকুরীরত এবং স্ব-নিয়োজিত কর্মী যারা কাজ করতে পারে না তাদেরকে আয় সহায়তা দিয়ে থাকে। এই সুবিধার মাধ্যমে, আপনি ১ সপ্তাহ সময়ের জন্য ৪৫০ ডলার (কর কেটে নেওয়ার পর) করে পাওয়ার যোগ্য। আপনি সর্বোচ্চ চার সপ্তাহ পর্যন্ত সিআরএসবি-র জন্য আবেদন করতে পারবেন।

সিআরএসবি-র জন্য কীভাবে আবেদন করবেন এবং আপনি যোগ্য হলে, অনুগ্রহ করে দেখুন: https://www.canada.ca/en/revenue-agency/services/benefits/recovery-sickness-benefit.html

এই নতুন অস্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের প্রোগ্রামটি এখনও অনেক কর্মীদের-কে এই সুবিধায় অন্তর্ভুক্ত করেনি। আমরা আইনীভাবে কমপক্ষে ১০ টি স্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের জন্য আহ্বান করে আসছি যা যৌক্তিক, সার্বজনীন এবং পর্যাপ্ত, এবং স্বাস্থ্য জরুরী অবস্থার সময় অতিরিক্ত ১৪ টি বেতনসহ অসুস্থতার ছুটির দিন। আপনি এই ইমেইল ব্যবহার করে আপনার এমপিপি-কে লিখে আইনীভাবে স্থায়ী বেতনসহ অসুস্থতার ছুটির দিনের আহ্বানে যোগ দিতে পারেন-https://www.decentworkandhealth.org/paidsickdays

আপনার অধিকার সহ আরও তথ্যের জন্য অথবা কর্মক্ষেত্রে আপনার যে কোন সমস্যা সম্পর্কে আরও তথ্যের জন্য আমাদের ওয়ার্কার্স অ্যাকশন সেন্টারে শ্রমিক বা কর্মী অধিকার হটলাইন ৪১৬-৫৩১-০৭৭৮ নম্বরে কল করুন অথবা আমাদের ওয়েবসাইট দেখুন: www.workersactioncentre.org.